অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2026 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে, গভর্নর হোকল নতুন হাইপারস্কেল ডেটা সেন্টারের উপর প্রথম স্টেটব্যাপী সাময়িক স্থগিতাদেশের ব্যাপারে জানালেন এবং সমর্থন বেড়ে চলেছে

রেটপেয়ারদের, পরিবেশ এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিবে এমন দেশসেরা নিয়ন্ত্রণমূলক কাঠামো প্রতিষ্ঠা করা হবে

এক বছরের এই সাময়িক বিরতি নিশ্চিত করবে যাতে ট্রান্সমিশন ও অবকাঠামো নির্মাণের খরচ নিউ ইয়র্কবাসীদের বহন করতে না হয়

তৈরি হবে 'নিউ ইয়র্ক স্টেট ডেটা সেন্টার কমিউনিটি ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্ক', নতুন উন্নয়ন প্রকল্প থেকে স্থানীয় অঞ্চলগুলো যেন মিলিয়ন মিলিয়ন ডলারের সুবিধা পেতে পারে তা নিশ্চিত করা হবে

পুরো স্টেট জুড়ে বিশাল ডেটা সেন্টারগুলোর জন্য বিদ্যমান বিক্রয় কর অব্যাহতি বাতিল করতে আইন প্রণয়নের উদ্যোগ নেবেন গভর্নর

কমিউনিটির বিনিয়োগের ফ্রেমওয়ার্কের পলিসি আউটলাইন এখানে পাওয়া যাবে

এক্সিকিউটিভ অর্ডারের কপি এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের স্টেট, ব্যবসা এবং স্থানীয় নেতাদের নিয়ে একটি গোলটেবিল বৈঠকের আয়োজন করেছেন যেখানে নতুন হাইপারস্কেল ডেটা সেন্টারের বিষয়ে দেশের প্রথম সাময়িক স্থগিতাদেশ তৈরি করা তার এক্সিকিউটিভ অর্ডার নিয়ে আলোচনা হয়েছে, যা ডেটা সেন্টার নির্মাণের ক্ষেত্রে সবথেকে কঠোর মানদণ্ড প্রতিষ্ঠা করে এবং স্থানীয় অঞ্চলকে সমর্থন করার একটি নীলনকশা তৈরি করে। স্টেটের গ্রাহক, পরিবেশ, বিদ্যুৎ গ্রিড এবং বিভিন্ন অঞ্চলের জনগোষ্ঠীকে সুরক্ষা দিতে একটি দেশসেরা নিয়ন্ত্রক কাঠামো প্রণয়নের উদ্দেশ্যে গভর্নর সাময়িকভাবে সর্বোচ্চ এক বছরের জন্য স্টেটের পরিবেশগত ছাড়পত্র বা পারমিট প্রদান স্থগিত রাখছেন।

"এখানে, নিউ ইয়র্কে (New York), আমরা আমাদের কমিউনিটিগুলির উপর বাড়তে থাকা ইউটিলিটির খরচের বোঝা চাপিয়ে দিবো না এবং তাদের ভবিষ্যতকে অগ্রাধিকার দিতে এখনো প্রস্তুত নয় এমন বিশাল বিশাল ডেটা সেন্টারের জন্য তাদের কষ্টে অর্জিত ট্যাক্সপেয়ারের মার্কিন

ডলার খরচ করতে দিবো না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দেশের প্রথম এই স্টেটব্যাপী সাময়িক স্থগিতাদেশটি নিউ ইয়র্ককে নিজেদের বাড়ি বলে মনে করা মানুষদের সাফল্যকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে, এবং আমরা এমন একটি ফ্রেমওয়ার্ক তৈরি করছি যা নিশ্চিত করবে যাতে আমাদের কমিউনিটিগুলিকে এই প্রজেক্টগুলিকে সমর্থন করার পরিবেশগত প্রভাবের বোঝা অনুভব করতে না হয়, এবং তার জন্য অর্থও পরিশোধ করতে না হয়।"

আজকের গোলটেবিল বৈঠকে অংশগ্রহণকারীরা হলেন:

- Krista Atkinson (ক্রিস্টা অ্যাটকিনসন), এক্সিকিউটিভ অ্যাডমিনিস্ট্রেটর, টোনাওয়ান্ডা (Tonawanda) চেম্বার অফ কমার্স (Chamber of Commerce)
- Melisa Dettbarn (মেলিসা ডেটবার্ন), শিক্ষক, কেনমোর (Kenmore), টোনাওয়ান্ডা স্কুল ডিস্ট্রিক্ট
- Ted Kusio (টেড কুসিও), অবসরপ্রাপ্ত ডিজিটাল ডিজাইনার
- Kate Powers (কেট পাওয়ার্স), সাবেক অধ্যাপক
- Frank Laurendi (ফ্র্যাঙ্ক লরেন্ডি), অবসরপ্রাপ্ত নির্মাণ প্রকৌশলী
- স্টেটের সিনেটর Jeremy J. Zellner (জেরেমি জে জেলনার)
- অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ নেতা Crystal Peoples-Stokes (ক্রিস্টাল পিপলস-স্টোকস)
- অ্যাসেম্বলির সদস্য William Conrad (উইলিয়াম কনরাড)
- ডেপুটি কাউন্টি এক্সিকিউটিভ Lisa Chimera (লিসা কাইমেরা), ইরি (Erie) কাউন্টি
- মেয়র Michael Ferguson (মাইকেল ফার্গুসন), ফ্রেডোনিয়া (Fredonia)
- John Flynn (জন ফ্লিন), টাউন সুপারভাইজার, টোনাওয়ান্ডা টাউন
- মেয়র Austin Tylec (অস্টিন টাইলেক), নর্থ টোনাওয়ান্ডা সিটি
- মেয়র Patrick Mang (প্যাট্রিক ম্যাং), কেনমোর গ্রাম

কৃত্রিম বুদ্ধিমত্তা এবং অন্যান্য কম্পিউটিং কার্যক্রমের ওপর ভর করে নিউ ইয়র্ক স্টেটে ডেটা সেন্টার স্থাপনের চাহিদা অভূতপূর্ব হারে বৃদ্ধি পাচ্ছে। এই বর্ধিত চাহিদার কারণে স্টেট জুড়ে এমন সব ডেটা সেন্টার নির্মাণ ও পরিচালনার প্রস্তাব আসছে, যার হাজার হাজার কম্পিউটার সার্ভার সচল ও ঠাণ্ডা রাখতে বিপুল পরিমাণ বিদ্যুৎ ও পানির প্রয়োজন হতে পারে।

চলতি বছরের শুরুর দিকে, গভর্নর ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (Department of Public Service, DPS)-কে 'এনার্জাইজ এনওয়াই' (Energize NY) প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেন। এর ফলে ডেটা সেন্টারগুলোকে হয় তাদের ব্যবহৃত বিদ্যুতের জন্য অতিরিক্ত অর্থ প্রদান করতে হবে, অথবা তাদের নিজস্ব বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করতে হবে; যা স্টেটকে নিউ ইয়র্কবাসীদের জন্য বিদ্যুৎ সাশ্রয়ী রাখতে সাহায্য করবে। সেই প্রক্রিয়ার অংশ হিসেবে, নতুন ডেটা সেন্টারগুলো যেন একটি সুনির্দিষ্ট ও সামঞ্জস্যপূর্ণ মানদণ্ড মেনে চলে, তা নিশ্চিত করতে গভর্নর এখন DPS-কে ডেটা সেন্টারের জন্য একটি জেনেরিক এনভায়রনমেন্টাল ইম্প্যাক্ট স্টেটমেন্ট (Generic Environmental Impact Statement, GEIS) বা সাধারণ পরিবেশগত প্রভাব সমীক্ষা প্রস্তুত করার নির্দেশ দিচ্ছেন। এই GEIS প্রণয়নের সময়কালে, যাতে এক বছর পর্যন্ত সময় লাগতে পারে, একটি স্থগিতাদেশ বলবৎ থাকবে এবং ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল

কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এমন কোনো বিচক্ষণতামূলক পারমিট ইস্যু করবে না যা ইতোমধ্যে সম্পূর্ণ বলে বিবেচিত হয়নি। স্টেটে ডেটা সেন্টার নির্মাণ ও পরিচালনার সম্ভাব্য পরিবেশগত প্রভাব মূল্যায়নের জন্য স্টেট সরকার এই GEIS ব্যবহার করবে। এর মধ্যে বিদ্যুতের চাহিদা, পানির ব্যবহার ও গুণগত মান এবং বায়ুর মানের ওপর এগুলোর প্রভাব অন্তর্ভুক্ত থাকবে। স্টেট সরকার একবার এই মানদণ্ডগুলো চূড়ান্ত করে ফেললে সাময়িক নিষেধাজ্ঞাটি তুলে নেওয়া হবে। তখন নতুন ডেটা সেন্টার প্রকল্পগুলো স্টেটের নিয়মাবলী, জোনিং কোড এবং অন্যান্য স্থানীয় অনুমোদন সাপেক্ষে এগিয়ে যেতে পারবে।

এছাড়াও গভর্নর এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)-কে 60 দিনের মধ্যে একটি কমিউনিটি ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্ক (Community Investment Framework, CIF) বা সামাজিক বিনিয়োগ কাঠামো প্রকাশ করার নির্দেশ দিয়েছেন। এটি স্থানীয় সংস্থাগুলোকে স্পষ্ট নির্দেশনা দেবে, যাতে তারা যেকোনো বৃহৎ আকারের ডেটা সেন্টার চুক্তির অংশ হিসেবে স্থানীয় অবকাঠামোগত উন্নয়ন, শিশুর পরিচর্যা খাতে বিনিয়োগ এবং তাদের কমিউনিটির জন্য সরাসরি আর্থিক সহায়তাসহ বিভিন্ন সামাজিক সুবিধা নিয়ে আলোচনা ও সমঝোতা করতে পারে। অর্থনৈতিক সুবিধা সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে এই CIF এমন একটি ব্যবস্থা তৈরি করবে যা সংগঠিত শ্রমিক পক্ষকে আলোচনায় অংশ নেওয়ার সুযোগ দেবে। একই সাথে এটি ডেটা সেন্টার নির্মাণে প্রচলিত মজুরি কাঠামো, প্রকল্প শ্রম চুক্তি, স্থানীয় নিয়োগ, শিক্ষানবিশি এবং কর্মীবাহিনীর দক্ষতা উন্নয়নকে অগ্রাধিকার দেবে। তাছাড়া, এই কাঠামোটিতে একটি ফর্মুলা বা সূত্র অন্তর্ভুক্ত থাকবে যা কমিউনিটিগুলোকে বিনিয়োগ সংক্রান্ত আলোচনা কোথা থেকে শুরু করতে হবে তা মূল্যায়ন করতে সাহায্য করবে। CIF-এর একটি রূপরেখা বর্তমানে ESD-এর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে এবং জনসাধারণকে মতামত জমা দিতে উৎসাহিত করা হচ্ছে।

পাশাপাশি, গভর্নর DPS-কে একটি 'নিউ ইয়র্ক গ্রিড অ্যাক্সিলারেশন ফান্ড' গঠনের বিষয়টি বিবেচনা করার নির্দেশ দিচ্ছেন। এর উদ্দেশ্য হলো ডেটা সেন্টারগুলোকে স্টেটের পুরনো গ্রিড অবকাঠামো এবং জ্বালানি চাহিদাতে বিনিয়োগ করতে বাধ্য করা, যাতে সব নিউ ইয়র্কবাসী এই দায়িত্বশীল উন্নয়নের সুফল পান। এই তহবিলটি নতুন ক্লিন এনার্জি সরবরাহের ব্যবস্থা করতে এবং একটি বিমা পুল গঠনে সহায়তা করতে পারে, যেখানে অনুমিত বা অনুমাননির্ভর অতিরিক্ত লোডের কারণে সৃষ্ট অনিশ্চয়তা ও বর্ধিত খরচ থেকে সুরক্ষা পেতে ডেভেলপারদের অবদান রাখতে হতে পারে। DPS ডেটা সেন্টারগুলোর নিজস্ব কার্যক্রমের জন্য উৎসর্গীকৃত নতুন পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে অর্থায়নের পদ্ধতিগুলোও বিবেচনা করবে, যার মধ্যে গ্রাহক-প্রাঙ্গণে স্থাপিত বিকেন্দ্রীকৃত শক্তি সম্পদ এবং ব্যাটারি স্টোরেজ অন্তর্ভুক্ত, তবে তা কেবল এর মধ্যেই সীমাবদ্ধ নয়।

পরিশেষে, গভর্নর Hochul (হোকল) স্টেট জুড়ে বিশাল ডেটা সেন্টারগুলোর জন্য প্রযোজ্য সেলস ট্যাক্স বা বিক্রয় কর অব্যাহতি বাতিলের জন্য আইন প্রণয়নের চেষ্টা করছেন।

স্টেটের সিনেটর Jeremy Zellner (জেরেমি জেলনার) বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্ক উদ্ভাবন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে স্বাগত জানায়, তবে তা অবশ্যই দায়িত্বশীলভাবে এবং

আমাদের কমিউনিটিগুলির স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে করতে হবে। ডেটা সেন্টারের উন্নয়ন অগ্রসর করার সময় আমাদের এমন শক্তিশালী মানদণ্ড প্রয়োজন যা রেটপেয়ারদের সুরক্ষা দিবে , আমাদের পরিবেশ সংরক্ষণ করবে, এবং নিশ্চিত করবে যাতে স্থানীয় কমিউনিটিগুলির মতামত বিবেচনা করা হয়। দেশের প্রথম দায়িত্বশীল ডেটা সেন্টার বিকাশের ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠার জন্য পদক্ষেপ নেওয়া এবং এই শিল্পের ভবিষ্যৎ যে জবাবদিহিতা, স্বচ্ছতা, এবং আমাদের প্রতিবেশীদের প্রয়োজনকে মাথায় রেখে গড়ে তুলতে হবে তার স্বীকৃতি দেওয়ার জন্য আমি গভর্নর Kathy Hochul-এর(ক্যাথি হোকল) প্রশংসা করছি।"

অ্যাসেম্বলির সদস্য Bill Conrad (বিল কনরাড) বলেন, "এই বিষয়ে আমার নির্বাচনী এলাকার বহু শত মানুষের কথা শোনার পর স্পষ্ট হয়ে যায় যে আমাদেরকে ডেটা সেন্টারগুলির ক্ষেত্রে 'বিরতি' নিতে হবে, যাতে স্টেট এবং স্থানীয় সরকারগুলি তাদের ইতিবাচক ও নেতিবাচক উভয় ধরনের প্রভাব পুরোপুরি বোঝা এবং বিবেচনা করার জন্য পর্যাপ্ত সময় পায়। বিশেষ করে আপস্টেট নিউ ইয়র্কে (Upstate New York), যেখানে নির্মাতাদের দেওয়ার মতো আমাদের অনেক কিছু রয়েছে, সেখানে আমাদের অবশ্যই বিচক্ষণতার পরিচয় দিতে হবে এবং এই অঞ্চলের প্রাকৃতিক সম্পদ, ইউনিয়নের চাকরি, রেটপেয়ারদের অর্থ, আমাদের ট্যাক্সের বেজে, এবং সামগ্রিক জীবনমান যথাযথভাবে রক্ষা করতে হবে। অন্য কথায়, আমাদের সঠিক ভারসাম্য বজায় রাখতে হবে। আমি এই বিষয়ে গভর্নর Hochul-এর (হোকল) একই ধরনের দৃষ্টিভঙ্গির প্রশংসা করছি, পাশাপাশি কমিউনিটির সদস্যদের কাছ থেকে সরাসরি মতামত সংগ্রহ করার তার স্বভাবসুলভ আগ্রহেরও প্রশংসা করছি। শেষ পর্যন্ত, আমরা দায়িত্বশীলভাবে একটি বড় হতে থাকা প্রযুক্তিকে গ্রহণ করতে পারবো , এবং একই সাথে ডেটা সেন্টার নিয়ে মানুষের যথার্থ উদ্বেগগুলিকেও গুরুত্ব দিতে পারবো।"

ইরি কাউন্টির ডেপুটি কাউন্টি এক্সিকিউটিভ Lisa M. Chimera (লিসা এম চিমেরা) বলেন, "ইরি কাউন্টি উদ্ভাবন এবং অর্থনৈতিক সুযোগকে স্বাগত জানায়, তবে সেই অগ্রগতি অবশ্যই আমাদের কমিউনিটিগুলিকে সুরক্ষা দেওয়া, আমাদের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা এবং শক্তিকে পরিবারগুলির সামর্থ্যের মধ্যে রাখার সাথে ভারসাম্যপূর্ণ হতে হবে। এই সাময়িক স্থগিতাদেশ নিউ ইয়র্ককে আমাদের পরিবেশ, বিদ্যুৎ গ্রিড এবং রেটপেয়ারদের জন্য বিচক্ষণ সুরক্ষা ব্যবস্থা তৈরি করার পাশাপাশি দায়িত্বশীল বিকাশের জন্য সুস্পষ্ট প্রত্যাশা নির্ধারণের সময় দিচ্ছে। হাইপারস্কেল ডেটা সেন্টারের বিকাশ নিয়ে এই এক্সিকিউটিভ অর্ডার স্বাক্ষর করার জন্য এবং উদ্ভাবনকে সমর্থন করবে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীকে অগ্রাধিকার দিবে এমন একটি ফ্রেমওয়ার্ক তৈরি করতে স্টেকহোল্ডারদের একত্রিত করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাই।"

নর্থ টোনাওয়ান্ডা টাউনের মেয়র Austin C. Tylec (অস্টিন সি টাইলেক) বলেন, "নর্থ টোনাওয়ান্ডা সরাসরি দেখেছে যে বাসিন্দাদের সুরক্ষার জন্য তৈরি বিধিনিষেধের তুলনায় ডেটা সেন্টারের বিকাশ দ্রুত অগ্রসর হলে কী ঘটতে পারে। আমি গভর্নর Hochul-এর (হোকল) সাময়িক বিরতিকে সমর্থন কোর্হসি যাতে নিউ ইয়র্ক একটি সুস্পষ্ট নিয়ন্ত্রক ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠা করতে পারে এবং কমিউনিটিগুলিকে এই প্রজেক্টগুলি ও সেগুলির সম্ভাব্য প্রভাব সম্পূর্ণভাবে মূল্যায়নের জন্য প্রয়োজনীয় সুযোগ দিতে পারে।"

কেনমোর গ্রামের মেয়র Patrick Mang (প্যাট্রিক ম্যাং) বলেন, "আমি নিউ ইয়র্কের ডেটা সেন্টারগুলির উপর গভর্নরের সাময়িক স্থগিতাদেশের প্রশংসা করছি। এটি স্থানীয় কর্মকর্তাদের ডেটা সেন্টার সম্পর্কে সঠিকভাবে অবগত সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহের সময় দিচ্ছে।"

ফ্রেডোনিয়া গ্রামের মেয়র Michael Ferguson (মাইকেল ফার্গুসন) বলেন, "আমি বিশ্বাস করি ডেটা সেন্টারগুলির উপর গভর্নরের সাময়িক স্থগিতাদেশ পরবর্তীতে আমাদের মতো ছোট কমিউনিটিগুলিকে সাহায্য করবে। একটু পিছিয়ে এসে সব বিকল্প পর্যালোচনা করার মাধ্যমে এটি কমিউনিটিগুলিকে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ দিচ্ছে। এটি এখন স্টেটের সাথে একটি পার্টনারশিপে পরিণত হচ্ছে; যা আমাদের কমিউনিটিগুলির জন্য মানদণ্ড নির্ধারণে এক সাথে কাজ করছে। আমাদেরকে 'স্টেটব্যাপী' বিধিনিষেধের একটি সেটের অধীনে থাকতে দেওয়ার মাধ্যমে এটি আমাদের কমিউনিটিগুলির জন্য আলাদা আলাদা স্টাডি ও মানদণ্ড নির্ধারণের কাজের হাজার হাজার, কিংবা হয়তো লক্ষ লক্ষ মার্কিন ডলার সাশ্রয় করছে।"

টোনাওয়ান্ডা টাউনের সুপারভাইজার John Flynn (জন ফ্লিন) বলেন, "এই গুরুত্বপূর্ণ বিষয়ে নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাতে চাই। এক বছরের জন্য ডেটা সেন্টারগুলির উপর বিরতি আরোপ করলে সকল স্টেকহোল্ডার এই স্থাপনাগুলিকে ঘিরে থাকা বহু উদ্বেগ বিশ্লেষণ ও তা নিয়ে স্টাডি পরিচালনার সুযোগ পাবেন।"

দায়িত্ব নেওয়ার পর থেকেই গভর্নর Hochul (হোকল) নিশ্চিত করেছেন যেন নিউ ইয়র্ক AI-এর উদ্ভাবন ও উন্নয়নে দেশের নেতৃত্ব দেয়। তার 2025 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে, গভর্নর জনকল্যাণে AI গবেষণাকে এগিয়ে নিতে দেশসেরা উদ্যোগ 'এম্পায়ার এআই' (Empire AI) চালু করেন। চলতি বছর তিনি 'ফিউচারওয়ার্কস কমিশন' গঠন করেন, যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য AI-এর অর্থনৈতিক সুবিধা নিশ্চিত করার পাশাপাশি কর্মীদের নিরাপত্তা রক্ষায় নীতি নির্ধারণ এবং বেসরকারি খাতের পদক্ষেপের বিষয়ে পরামর্শ দেবে। দেশের শীর্ষস্থানীয় বিশেষজ্ঞ, শ্রমিক অধিকার কর্মী এবং ব্যবসায়ী নেতাদের সমন্বয়ে এই উচ্চপর্যায়ের কমিশনটি গঠিত হয়েছে। AI-এর এই রূপান্তরকালকে কীভাবে সফলভাবে পরিচালনা করা যায়, সে বিষয়ে তারা গভর্নর Hochul (হোকল)-কে পরামর্শ দেবেন, যেন AI-এর সুফল কেবল বড় কর্পোরেশনগুলোর মধ্যেই সীমাবদ্ধ না থেকে নিউ ইয়র্কের পরিবার, কর্মী এবং ক্ষুদ্র ব্যবসাগুলোর মধ্যেও সমভাবে বণ্টিত হয়।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কবাসীদের অনলাইনে নিরাপদ রাখতে এবং নিউ ইয়র্ক স্টেটে নিরাপদ ও দায়িত্বশীল AI ব্যবহার নিশ্চিত করতে দেশসেরা সুরক্ষামূলক ব্যবস্থাও কার্যকর করেছেন। উদ্যোগগুলোর মধ্যে রয়েছে:

- সেফ ফর কিডস আইন এবং শিশু তথ্য সুরক্ষা আইন যা শিশুদের জন্য আসক্তিকর ফিডগুলোকে সীমাবদ্ধ করে এবং অনলাইন অবহিত সম্মতি ছাড়া শিশুদের তথ্য সংগ্রহ এবং নগদীকরণ থেকে অপারেটরদের বিরত রাখে।
- AI কম্প্যানিয়ন আইন যা দেশের মধ্যে প্রথমবারের মতো সুরক্ষা কবচ নির্ধারণ করেছে; এটি আত্মক্ষতি সংক্রান্ত ব্যবহারকারীর কথোপকথনগুলোকে মানসিক স্বাস্থ্য সংস্থান বা

রিসোর্সের দিকে চালিত করে এবং অস্বাস্থ্যকর আসক্তিমূলক আচরণগুলোকে বাধাগ্রস্ত করে। গভর্নর এআই-জেনারেটেড শিশুদের যৌন নির্যাতনমূলক সামগ্রীকেও (AI-Generated Child Sexual Abuse Material) বেআইনি ঘোষণা করেছেন।

- সম্প্রতি স্বাক্ষরিত সতর্কীকরণ লেবেল বিল অনুযায়ী এখন থেকে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলোর জন্য প্ল্যাটফর্মটির মানসিক স্বাস্থ্যের ওপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে সতর্কতা পোস্ট করা বাধ্যতামূলক হবে।
- AI ডিসেপ্টিভ প্র্যাকটিসেস অ্যাক্ট, যা অনুমতি ছাড়া কারো অবয়ব/কণ্ঠস্বরের ব্যবহার এবং অন্তরঙ্গ ছবি ছড়িয়ে দেওয়ার বিরুদ্ধে সুরক্ষাকে আরো জোরদার করে।

এই বছর, অর্থবছর 2027-এর স্টেট বাজেটে গভর্নরের 'সেফ বাই ডিজাইন অ্যাক্ট' প্রণীত হয়েছে। 'সেফ বাই ডিজাইন' এটি নিশ্চিত করে যেন সাধারণ সোশ্যাল মিডিয়া এবং গেমিং প্ল্যাটফর্মগুলোতে শিশুদের জন্য প্যারেন্টাল কন্ট্রোল (অভিভাবকীয় নিয়ন্ত্রণ) সর্বোচ্চ সুরক্ষা স্তরে সেট করা থাকে; যার অর্থ হলো—18 বছরের বেশি বয়সী কোনো অপরিচিত ব্যক্তি শিশুদের সাথে গোপনে যোগাযোগ করতে পারবে না, তাদের সম্পূর্ণ প্রোফাইল দেখতে পারবে না বা কোনো কনটেন্টে তাদের ট্যাগ করতে পারবে না। লোকেশন সেটিংসও ডিফল্টভাবে বন্ধ থাকবে এবং 13 বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে নতুন কারও সাথে যুক্ত হওয়ার জন্য অবশ্যই অভিভাবকের অনুমতি নিতে হবে। এটি শিশুদের জন্য অনলাইন প্ল্যাটফর্মগুলোতে নির্দিষ্ট কিছু AI চ্যাটবট ফিচার বা সুবিধাও নিষ্ক্রিয় করে এবং অনলাইন গেমিং প্ল্যাটফর্মগুলোতে শিশুদের আর্থিক লেনদেনের ক্ষেত্রে অভিভাবকদের অবশ্যই সীমা নির্ধারণ ও তাদের সন্তানের লেনদেনের ইতিহাস দেখার সুযোগ থাকতে হবে। যদিও এই প্ল্যাটফর্মগুলোর মধ্যে অনেকগুলোই শিশুদের জন্য তাদের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে, নিউ ইয়র্কে এটি এখন একটি আইন এবং সময়ের সাথে সাথে এই প্ল্যাটফর্মগুলো এই নিয়ম শিথিল করতে পারবে না।

এছাড়া, গভর্নর Hochul (হোকল) অফিস অব ডিজিটাল ইনোভেশন, গভর্নেন্স, ইন্টেগ্রিটি অ্যান্ড ট্রাস্ট (Office of Digital Innovation, Governance, Integrity, and Trust, DIGIT) তৈরি করছেন, যা এ ধরনের প্রথম অফিস। DIGIT ডিজিটাল নিরাপত্তা এবং টেকনোলজিক্যাল গভর্নেন্সের জন্য একটি কেন্দ্রীয়, কর্তৃত্বের প্রতিষ্ঠান হবে, নতুন পদ্ধতি তৈরি করবে এবং ধারাবাহিক এনফোর্সমেন্ট নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কবাসীকে অনলাইনে নিরাপদ রাখা যায়, এবং একই সাথে অত্যাধুনিক নতুন আবিষ্কারকে মূল্য দেয় এবং তার জন্য বিনিয়োগ করে এমন একটি স্টেট হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে রক্ষা করবে। RAISE অ্যাক্ট-এ যেভাবে বর্ণিত হয়েছে DIGIT অফিস প্রাথমিকভাবে বৃহৎ ফ্রন্টিয়ার AI ডেভেলপারদের নিয়ন্ত্রণের ওপর গুরুত্ব প্রদান করবে, এর মাধ্যমে তাদের নিরাপত্তা ব্যবস্থায় অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করা হবে এবং ডেভেলপারদের জন্য গুরুতর নিরাপত্তা সংক্রান্ত ঘটনাগুলো রিপোর্ট করার একটি কার্যপদ্ধতি বা প্রক্রিয়া প্রতিষ্ঠা করা হবে। আইনটি 1 জানুয়ারি, 2027 তারিখ থেকে কার্যকর হবে।

###

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন